

স্মারক নং ৩৩.০১.৯১২০.০০০.১১.০১৭.২১-২৯৫


তারিখঃ ১৯/১২/২০২১ খ্রি.

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্তকরণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর অধীনে প্রকল্প চলাকালীন সময়ের জন্য বিশ্বনাথ উপজেলায় ০১(এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট সংযুক্ত করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০২ কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা হলো। আগ্রহীদের আগামী ২৩/১২/২০২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদিসহ প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫ বরাবর দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- ১। ডিপিরি সংস্থান মোতাবেক মাসিক ভাতা/পারিশ্রমিক ১৫০০০/- (পনের হাজার) টাকা প্রদান করা হবে এবং নির্বাচিত CEA উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে তার উপর অর্পিত দায়িত্ব পালন করবেন।
- ২। প্রার্থীকে বিশ্বনাথ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন জমার তারিখে বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে।
- ৩। প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পের প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং অগ্রাধিকার দেয়া হবে।
- ৪। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ অথবা সমমান হতে হবে। কর্মঠ, উদ্যমী বেকার যুবক/যুব মহিলা এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। ছাত্র/ছাত্রী এবং অত্র দপ্তর বা অন্য কোনো দপ্তরে কর্মরত ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট পদে অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ৬। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) অযোগ্য বলে বিবেচিত হবে।


১৯/১২/২০২১
(ডা. মোহাম্মদ আব্দুস শহিদ হোসেন)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বিশ্বনাথ, সিলেট।

ও
সদস্য সচিব

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট।
- ২। উপজেলা কৃষি অফিসার, বিশ্বনাথ, সিলেট।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, সিলেট।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট।
- ৩। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প।
- ৪। অফিস নথি

নমুনা আবেদন ফরম

বরাবর

প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

বিষয়ঃ কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে সংযুক্তি প্রসঙ্গে।

সূত্রঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, বিশ্বনাথ, সিলেট এর বিজ্ঞপ্তি নং ৩৩.০১.৯১২০.০০০.১১.০১৭.২১-২৯৫
এবং তারিখঃ ১৯/১২/২০২১ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আমি একজন আগ্রহী প্রার্থী হিসাবে আমার জীবন বৃত্তান্ত নিম্নে উল্লেখ করলামঃ

১। নাম :

২। পিতার নাম :

মাতার নাম :

৪। ঠিকানা : গ্রামঃ

ডাকঘরঃ

ইউনিয়নঃ

৫। মোবাইল নম্বর :

বৈবাহিক অবস্থাঃ

৬। এনআইডি নম্বরঃ

ধর্মঃ

৭। জন্ম তারিখ :

জাতীয়তাঃ

৮। শিক্ষাগত যোগ্যতা :

৯। প্রশিক্ষণ :

১০। অভিজ্ঞতা (যদি থাকে) :

অতএব, আমাকে উপরোক্ত তথ্যের আলোকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে সংযুক্তি প্রদানে মহোদয়ের মর্জি হয়।

সংযুক্তিঃ

নিবেদক

১। শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।

নাম :

২। দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত হালনাগাদ ছবি।

৩। ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ পত্র।

৪। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

স্বাক্ষর ও তারিখ

৫। প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।